



# বাংলাদেশ প্রেস ইনসিটিউট

৩ সার্কিট হাউস রোড, ঢাকা - ১০০০

ফোন: ৯৮৩০০৮১-৪, ফ্যাক্স: ৮৮০-২-৮৩১৭৪৫৮, ওয়েবসাইট: পিআইবি.বাংলা || [www.pib.gov.bd](http://www.pib.gov.bd) ই-মেইল: dgpib@yahoo.com

## পিআইবি'র ইনোভেশন টিমের মে ২০১৮ মাসের সভার কার্যবিবরণী

পিআইবি'র ইনোভেশন টিমের মে ২০১৮ মাসের সভা আজ ২৮ মে ২০১৮ খ্রি। তারিখ বেলা ১২:০০টায় ইনোভেশন অফিসার ও পরিচালক, অধ্যয়ন ও প্রশিক্ষণ বেগম আনোয়ারা বেগম-এর সভাপতিত্বে তাঁর কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় নিম্নোক্ত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

- ১। ড. কামরুল হক, রিসার্চ অফিসার
- ২। মোহাম্মদ আফতাব উদ্দীন ভুঁঞ্চা, মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (অতিরিক্ত দায়িত্ব)

### আলোচ্যসূচী:

- ক) উন্নাবন কর্মপরিকল্পনা ২০১৭-১৮ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।
- খ) বিবিধ।

সভায় উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন।

ক. ইনোভেশন অফিসার জানান, গত ১৭ মে ২০১৮ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগ আয়োজিত বাংসরিক উন্নাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক পর্যালোচনা (৪র্থ রাউন্ড) সভায় যোগ দিয়েছি। সেখানে উন্নাবনী কর্মপরিকল্পনা দ্রুত বাস্তবায়নের নির্দেশনা দিয়েছেন।

খ. জনাব মোহাম্মদ আফতাব উদ্দীন ভুঁঞ্চা জানান, “উন্নাবন প্রকল্প ডিজাইন” শীর্ষক কর্মশালার অংশ হিসেবে কর্মশালায় গৃহীত উন্নাবনী ধারণাটির (প্রশিক্ষণার্থী নির্বাচনে পুনরাবৃত্তি রোধকরণ) পাইলট বাস্তবায়ন পরিকল্পনা সম্পর্কে গত ০৫ এপ্রিল ২০১৮ তারিখে তথ্য মন্ত্রণালয়ের ইনোভেশন টিমকে অবহিত করা হয়েছে। উক্ত সভা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচিত্র) মহোদয়ের সভাপতিত্বে পিআইবি সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় মন্ত্রণালয়ের প্রতিনিধি, এটাই প্রোগ্রামের প্রতিনিধি এবং পিআইবি'র মহাপরিচালক মহোদয়সহ উন্নতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

গ. জনাব মোহাম্মদ আফতাব উদ্দীন ভুঁঞ্চা আরো জানান, গত ১৬ এপ্রিল ২০১৮ তারিখে বাংলাদেশ বেতারে তথ্য মন্ত্রণালয় আয়োজিত ইনোভেশন শোকেসিং-এ সহকারী প্রশিক্ষক জনাব নাসিমুল আহসান-এর সহযোগিতায় “অনলাইন সার্টিফিকেট কোর্স অন জার্নালিজম” বিষয়টি শোকেসিং করা হয়। উক্ত শোকেসিং এর সমাপন অনুষ্ঠানে পিআইবি মহাপরিচালক মহোদয় উপস্থিত ছিলেন।

ঘ. ইনোভেশন অফিসার আরো জানান, “অনলাইন সার্টিফিকেট কোর্স অন জার্নালিজম” বিষয়ে ইতিমধ্যে চারটি কোর্স চলমান রয়েছে। এছাড়া কর্মপরিকল্পনা অনুযায়ী অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে উন্নাবন কার্যক্রম সম্পাদনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যেতে পারে।

সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আনোয়ারা বেগম  
ইনোভেশন অফিসার

ও  
পরিচালক, অধ্যয়ন ও প্রশিক্ষণ